



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- বামাশিবো/প্রশাসন/নওগাঁ-৩৩/ ৬১৪

তারিখ: ৭ .১১.২০১৯খ্রি.

বিষয়ঃ মাদ্রাসার সুপার হিসাবে দায়িত্ব পালন প্রসঙ্গে

- সূত্রঃ ১) নং-বামাশিবো/সংস্থাপন/৪২৬৭৬; তারিখঃ ২৫.০৪.২০১৮খ্রি.
২) নং-বামাশিবো/সংস্থাপন/নথি-৩৩/৬৫৯ ও ; তারিখঃ ২৩/০৫/২০১৯ খ্রি.
৩) জনাব মোঃ বেলাল হোসেনের আবেদন, তারিখঃ ৩০/০৬/২০১৯খ্রিঃ ও রিট পিটিশন নং-১৫৪৩৮/২০১৮ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের ২৪.০১.২০১৯ খ্রি. তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার রানীনগর উপজেলাধীন পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ বেলাল হোসেন এর চাকুরী থেকে অপসারণ অনুমোদনের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষ অপসারণ সংক্রান্ত কাগজপত্র বোর্ডে দাখিল করেন। দাখিলকৃত আবেদনের বিষয়টি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি ২৭/০২/২০১৮খ্রিঃ তারিখের সভায় উপস্থাপন করা হয়। কমিটির সম্মানিত সদস্যবৃন্দ উত্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে তদন্ত প্রতিবেদনে সুস্পষ্ট মতামত না থাকায়, শূন্য পদে নিয়োগে সভাপতির স্বাক্ষর না থাকায়, প্যাটার্ন বহির্ভূত নিয়োগ এবং স্বাক্ষর জালিয়াতির অভিযোগ প্রমানিত না হওয়ায় সুপার জনাব মোঃ বেলাল হোসেন এর চাকুরী হতে অপসারণ অনুমোদনের আবেদনটি খারিজ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তটি সূত্রোক্ত ১নং স্মারকে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়। বোর্ড কর্তৃক প্রেরিত উক্ত স্মারকের সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি। তৎপরবর্তীতে সূত্রোক্ত ২নং স্মারকের মাধ্যমে সুপারের দায়িত্ব হস্তান্তরের জন্য পুনরায় পত্র দেয়া হয়। কিন্তু প্রতিপালন করা হয় নি।

বর্ণিত অবস্থায় পত্র জারির পর থেকে মাদ্রাসার সুপার হিসেবে জনাব মোঃ বেলাল হোসেন দায়িত্ব পালন করবেন মর্মে এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো ও প্রশাসনিক কাজের সুবিধার্থে মাদ্রাসার বিদ্যমান পাসওয়ার্ড পরিবর্তন করার জন্য তাঁকে বোর্ডের নিকট আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) জনাব মোঃ বেলাল হোসেন, সুপার
পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রানীনগর, নওগাঁ।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/নওগাঁ-৩৩/ ৬১৪

তারিখ: ৭ .১১.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নওগাঁ;
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, রানীনগর, নওগাঁ;
৪. সভাপতি, পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রানীনগর, নওগাঁ;
৫. জনাব মোঃ আবদুস সামাদ, সহ-সুপার, পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রানীনগর, নওগাঁ;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪